গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.০৬.১৮.৯৫(পার্ট-১) -৩৫০

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪৩৩ / ২৬ নভেম্বর, ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখের পত্র নম্বর: ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩৫.২৫-১৭৪-সংখ্যক স্মারক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে, পুলিশ কর্তৃক প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য না থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ এর ৳ ৪৪,০০০-১,০৫,৯০০/- (গ্রেড-৯) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর **"হিসাবরক্ষণ কর্মকর্তা"**-এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

ক্রমিক	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং রেজিঃ নম্বর	স্থায়ী ঠিকানা
০১	জনাব মো: তরিকুল ইসলাম (১৮০০৯৫০২) পিতা: মনজিল মিয়া মাতা: রুমেলা খাতুন	গ্রাম: কান্দিপাড়া, ডাকঘর: নিলাম্বরখিলা, উপজেলা: কেন্দুয়া, জেলা: নেত্রকোণা

০২। **শর্তাবলী:**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার চাকরির অবসান ঘটাতে পারবে;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (release letter) গ্রহণ করতে হবে;

(ঘ) চাকরিতে যোগদানকালে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি মুচলেকা প্রদান করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঙ) যোগদানের সময় এ প্রজ্ঞাপনের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(চ) চাকরিতে যোগদানের জন্য তাকে কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;

(ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক প্রণীত মেধাক্রম (উল্লেখ্য, নিয়োগপত্রে উল্লিখিত তালিকা মেধাক্রম অনুসারে প্রস্তুত করা হয়েছে) এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারি (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে; এবং

(জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয় সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। সংশ্লিষ্ট প্রার্থী উপর্যুক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদান করতে সম্মত হলে আগামী ০৮ ডিসেম্বর, ২০২৬ তারিখ (মঙ্গলবার) সকাল ১০.০০ টায় মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বরাবর স্বশরীরে উপস্থিত হয়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-০২

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬/১১/২০২৬

মোঃ রাজিবুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১২২০
sas_admin1@moedu.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.০৬.১৮.৯৫(পার্ট-১)-৩৫০(১৩)

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪৩৩ / ২৬ নভেম্বর, ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৫। যুগ্মসচিব (উদ্ধৃত কর্মচারী অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।।
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
১২। জনাব মো: তরিকুল ইসলাম (১৮০০৯৫০২), গ্রাম: কান্দিপাড়া, ডাকঘর: নিলাম্বরখিলা, উপজেলা: কেন্দুয়া, জেলা: নেত্রকোণা।

২৬/১১/২০২৬

মো: রাজিবুল আলম
সিনিয়র সহকারী সচিব